ভোরের কাগজ

13

তারিখ OCT 01 1999
পৃষ্ঠা ১২ কলাম ৭

# ছাত্র সংঘর্ষে আহত ১৫, কুষ্টিয়া পলিটেকনিক বন্ধ ঘোষণা

কুষ্টিয়া প্রতিনিধি : গতকাল বৃহস্পতিবার কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রলীগ ও জাতীয় ছাত্রদলের সংঘর্ষে ডিএসবির একজন ওয়াচারসহ ১৫ জন আহত হয়েছে। উত্তেজনা প্রশমন করতে কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট ৭ দিন বন্ধ ঘোষণা করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, বেলা ১১টার দিকে তড়িৎ কৌশল ১ম বর্ষের ছাত্র সাজ্জাদ ৩য় বর্ষ সিভিলের ক্লাস চলাকালীন অবস্থায় ক্লাসরুমে ঢুকে বাতেন নামের এক ছাত্রকে চিৎকার করে ডাকে এবং তাকে বেরিয়ে আসতে বলে। এতে ক্লাসের ছাত্ররা ক্ষিপ্ত হয়ে ছাত্রলীগের কর্মী উক্ত সাজ্জাদকে ধাক্কা দিয়ে বের করে দেয়। সাজ্জাদ বাইরে এসে ছাত্রলীগের কর্মীদের নিয়ে হামলা চালানোর চেষ্টা করে। পুলিশি হস্তক্ষেপে সে দফায় হামলা ব্যর্থ হয়। এরপর আরো সংগঠিত হয়ে ছাত্রলীগ কর্মীরা বেলা ১টায় ক্যাম্পাসে প্রবেশ করে জাতীয় ছাত্রদল কর্মীদের ওপর এলোপাতাড়ি বন্দুকের গুলি ছোড়ে। এ সময় জাতীয় ছাত্রদলও চড়াও হয়। এ সংঘর্ষে জাতীয় ছাত্রদলের নেতাকর্মীসহ ১৫ জন আহত হয়। আহতদের মধ্যে ফারুক, সোহেল, রবিউল, হাসান, সাইফুল, রিপন ও ডিএসবির কর্তব্যরত ওয়াচার লিয়াকত আলীকে গুলিবিদ্ধ অবস্থায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। গুলিবিদ্ধদের মধ্যে রিপনের অবস্থা আশঙ্কাজনক।

এদিকে, ছাত্রলীগ বলেছে, প্রধানমন্ত্রীর ইউনেস্কো শান্তি পুরস্কার লাভ উপলক্ষে ঐদিন ক্যাম্পাসে ছাত্রলীগ মিছিল করতে বাধা দেওয়ায় এ সংঘর্ষের সূত্রপাত। এ নিয়ে প্রথম দফায় ছাত্রলীগের জেলা সভাপতি মেহেদী, সাইফুল, সুমন, সৈনিক জাতীয় ছাত্রদল কর্মীদের হাতে লাঞ্ছিত হয়।

এদিকে, পুনরায় সংঘর্ষ রোধে কর্তৃপক্ষ ৭ দিনের জন্য ইনস্টিটিউট বন্ধ ঘোষণা করেছেন। সন্ধ্যার মধ্যে ছাত্ররা আবাসিক হোস্টেলগুলো ত্যাগ করেছে।